যুগান্তর

04 MAR 2015

তারিখ 04 MAR 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

এইচএসসি ও সমমানের পরীক্ষা

# প্রশ্নপত্র ফাঁস রোধে কঠোর নজরদারি

যুগান্তর রিপোর্ট

১ এপ্রিল শুরু হচ্ছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। এ পরীক্ষার প্রশ্নফাঁস রোধে কঠোর সরকার প্রশ্নপত্র ছাপা কাজে জড়িত বিজি প্রেসসংশ্লিষ্ট কর্মচারী এবং ফেসবুকে নজরদারি বাড়িয়েছে।

এদিকে এই একই প্রক্রিয়া অনুসরণ করা হয়েছিল চলমান এসএসসি পরীক্ষায়। এই প্রক্রিয়া অনুসরণের সুফল পেয়েছে সরকার। এবার পরীক্ষার কোনো প্রশ্নপত্র ফাঁস হয়নি। এই অভিজ্ঞতা থেকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মঙ্গলবার বলেন, এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্রও ফাঁস

নজরদারি : পৃষ্ঠা ১৫ : কলাম ১

## নজরদারি : কঠোর

(৩য় পৃষ্ঠার পর)

হবে না। ছাপা কাজে জড়িতরা কঠোর নজরদারিতে রয়েছে। তিনি এ সময় প্রশ্নপত্র ফাঁসের গুজবে কান না দিতে পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের আহ্বান জানান। একই সঙ্গে তিনি এইচএসসি পরীক্ষার সময় অবরোধ ও হরতাল না দেয়ার জন্য ২০ দলীয় জোটকেও অনুরোধ করেন।

মঙ্গলবার বিকালে রাজধানীর বিজি প্রেসে এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠু ও ইতিবাচক পরিবেশে সম্পাদনের লক্ষ্যে প্রশ্নপত্র মুদ্রণ, পরিবহণ, বিতরণ গোপনীয়তা ও নিরাপত্তার বিষয়ে জাতীয় মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী এতে প্রধান অতিথি ছিলেন। সভায় অন্যদের মধ্যে শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, মুদ্রণ ও প্রকাশনা অধিদফতরের মহাপরিচালক একেএম মানজুরুল হক, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জাকির হোসেন ভূঁইয়া, পুলিশ হেড কোয়ার্টারের এআইজি আনিসুর রহমান, ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের উপকমিশনার (উত্তর) শেখ নাজমুল আলম প্রমুখ উপস্থিত ছিলেন।